

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 08.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) রাজ্যের ৬ বিধানসভা আসনের উপ-নির্বাচনে প্রচারাভিযান জমে উঠেছে। বিজেপি, প্রাক্তন দলীয় প্রার্থীর বিরুদ্ধে অবমাননাকর মন্তব্য করায় রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিমের বিরুদ্ধে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে। মন্ত্রী অবশ্য এই অভিযোগ অস্বীকার করেছেন।
- ২) কলকাতা হাইকোর্ট, গ্রটপ ডি এক্যমঞ্চের সদস্যদের নবান্নের কাছে ধর্ণায় বসার শর্ত সাপেক্ষে অনুমতি দিয়েছে।
- ৩) রাজ্য বাল্যবিবাহ রুখ্তে প্রতিটি ব্লকে বিশেষ দায়িত্বপ্রাপ্ত আধিকারিক নিয়োগ করা হচ্ছে।
- ৪) জগন্নাথী পুজোর আজ সপ্তমী। হৃগলীর চন্দননগরের পাশাপাশি কলকাতা সহ বিভিন্ন এলাকায় মানুষ মাত্ আরাধনায় ব্যস্ত।
- ৫) বাংলা মহিলাদের সিনিয়ার টি-টোয়েন্টি ক্রিকেটের সেমিফাইনালে উঠেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ৬টি বিধানসভা আসনের উপনির্বাচনে জোরদার প্রচার অভিযান চলেছে। সিতাই, মাদারিহাট, নেহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাংরা বিধানসভা আসনের উপনির্বাচনে ভোট নেওয়া হবে ১৩ই নভেম্বর। এজন্য প্রচার পর্ব শেষ হবে সোমবার ১১ই নভেম্বর। সব দলের নেতারাই মিটিং-মিছিল-পথসভার মাধ্যমে ভোটাদের মন জয়ের চেষ্টা চালাচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, রাজ্যের মন্ত্রী ফিরাদ হাকিমকে কুরঞ্চিকর মন্তব্য করা থেকে বিরত রাখার দাবি জানিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া ও প্রতাপ ব্যানার্জি আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে সম্প্রতি লোকসভা নির্বাচনে বসিরহাট কেন্দ্রের প্রার্থী রেখা পাত্র সম্পর্কে মন্ত্রী ফিরহাদ হাকিমের মন্তব্যের বিষয়ে অভিযোগ জানান। অবিলম্বে এজন্য ব্যবস্থা নেওয়ারও দাবি জানিয়েছেন তারা।

(বাইট - শিশির বাজোরিয়া)

পাশাপাশি শ্রী বাজোরিয়ার আরো অভিযোগ, পশ্চিম মেদিনীপুরের জেলা পুলিশ সুপারকে নির্বাচন কমিশন তার পদ থেকে সরিয়ে দিলেও জেলা প্রশাসন এখনো তাকে ওই পদে বহাল রেখেছে। ভোটের দিন অর্থাৎ ১৩ তারিখ তাকে এলাকায় চুক্তে না দেওয়ার দাবি জানানো হয়েছে। নেহাটি এবং হাড়োয়া বিধানসভা কেন্দ্রের এলাকাগুলি সমাজ বিরোধীদের দখলে চলে গেছে বলে দাবি করে ডিসিআরসি এবং গণনা কেন্দ্র স্থানান্তরিত করার কথাও বিজেপি আজ নির্বাচন কমিশনকে জানিয়েছে।

অন্যদিকে, ফিরহাদ হাকিমের দাবি, তিনি কোন নারীকে অসম্মান করেননি, মহিলারা তার কাছে মাতৃ সমান বলে তিনি দাবি করেন।

(বাইট - ফিরহাদ)

০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, গ্রুপ ডি এক্যমধ্যের সদস্যদের নবান্নের কাছে ধর্ণায় বসার শর্ত সাপেক্ষে অনুমতি দিয়েছে। চাকরির দাবিতে নবান্নের বাসস্ট্যান্ডে আগামী সোমবার ১১ তারিখ থেকে তিনিদিন ধর্ণায় বসার অনুমতি চেয়ে হাইকোর্টের দ্বারাস্ত হয়েছিলেন চাকরি প্রার্থীরা। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আজ নবান্ন বাসস্ট্যান্ডের বদলে মন্দিরতলা বাসস্ট্যান্ডে দু-দিনের জন্য ধর্ণা কর্মসূচী পালনের অনুমতি দিয়ে তাঁর পর্যবেক্ষণে জানান, শহরের কোথায় কোথায় ধর্ণা দেওয়া যাবে বা কোথায় যাবে না, তা নিয়ে রাজ্য সরকারের উচিত বিজ্ঞপ্তি জারি করা। এসংক্রান্ত সুনির্দিষ্ট নির্দেশিকা বা গাইড লাইনও থাকা উচিত

বলে তাঁর অভিমত। ধর্ণা শেষে পাঁচজন নবান্নে গিয়ে মুখ্য সচিবের কাছে স্মারকলিপি জমা দিতে পারবেন। এর আগে নবান্ন বাসস্ট্যান্ডে ধর্ণার অনুমতি পুলিশ খারিজ করে দেয়। এর প্রেক্ষিতে বিচারপতি জানান, গ্রুপ-ডি এক্য মধ্যের চাকরি প্রার্থীরা রাজনৈতিক দলের সদস্য নন, তাই সেক্ষেত্রে তাদের বাধা দেওয়ার অধিকার পুলিশের নেই। তবে, নিরাপত্তার কারণে স্থান বদল করা যেতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমান মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সাত জন পড়ুয়াকে ক্লাস করার অনুমতি দিয়েছে কলকাতা হাই কোর্ট। র্যাগিংয়ের অভিযোগে তাঁদের সাসপেন্ড করেছিল কলেজ কাউন্সিল। আজ ওই মামলার শুনানিতে বিচারপতি জয় সেনগুপ্ত তাদের আপাতত ক্লাস করার অন্তর্বর্তী নির্দেশ দেন। ক্লাস করতে গিয়ে কোনও বাধার সম্মুখীন হলে তাঁরা থানার সাহায্য নিতে পারবেন। তবে এখনই হস্টেলে প্রবেশ করতে পারবেন না এই সাতজন। আগামী ১১ই নভেম্বর এই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, গত ১১ সেপ্টেম্বর ইশা পাল-সহ সাত জনের বিরুদ্ধে র্যাগিং এর অভিযোগ করেন বর্ধমান মেডিক্যাল কলেজ ও হাসপাতালের কয়েক জন ছাত্র-ছাত্রী। ওই অভিযোগের প্রেক্ষিতে সাত জন পড়ুয়ার কলেজ এবং হস্টেলে প্রবেশ নিষিদ্ধ করার সিদ্ধান্ত নেন কর্তৃপক্ষ। ওই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে হাই কোর্টের দ্বারা স্থানীয় হন তাঁরা।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বাল্যবিবাহ রুখতে প্রতিটি ব্লকে বিশেষ দায়িত্বপ্রাপ্ত আধিকারিক নিয়োগ করা হচ্ছে। ব্লকের অঙ্গনওয়াড়ি কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিকদের, অতিরিক্ত দায়িত্ব দিয়ে বাল্য বিবাহ প্রতিরোধ আধিকারিক হিসাবে নিয়োগ করছে নারী, শিশু ও সমাজ কল্যাণ দফতর। এতদিন এধরনের ঘটনা রুখতে পুলিশ, বিডিও, আবার অনেক সময় বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা, এমনকী স্থানীয় পঞ্চায়েতও পদক্ষেপ করত। এবার থেকে একজন নির্দিষ্ট আধিকারিককে এই দায়িত্ব দেওয়া হল। এই আধিকারিকরা নিজ নিজ ব্লক এলাকায় বাল্যবিবাহের ঘটনা যাতে না ঘটে সেজন্য পদক্ষেপ করবেন। এবং এসংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, বাংলাকে সেমি কন্ডাকটর শিল্পের হাব হিসাবে গড়ে তুলতে উদ্যোগী হয়েছে। কলকাতায় মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যৌথ উদ্যোগে সেমি কন্ডাকটর প্ল্যান্ট নির্মাণের ঘোষণার পর এই ক্ষেত্রে রাজ্যে বৈদেশিক বিনিয়োগের পথ আরও প্রস্তুত হবে বলে মনে করা হচ্ছে। লম্পি টানতে আলাদা নীতি প্রণয়নের আগে খসড়া নীতি প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকলের মতামত নিয়ে চূড়ান্ত নীতি প্রকাশ করা হবে।

আগামী বছরের বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনেও সেমি কন্ডাকটর শিল্পে বিনিয়োগ ও আধুনিকীকরণ বিশেষ আলোচ্য হতে চলেছে। মার্কিন যুক্তরাষ্ট্রের একটি এই সম্মেলনে অংশ নিতে পারেন বলে সরকারি সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আবাস যোজনার সমীক্ষায় গরমিলের অভিযোগ নিয়ে রাজ্যের বিভিন্ন জেলা বিক্ষেপ অব্যাহত।

পূর্ব বর্ধমানের কাটোয়ার আমড়ঙা ও মুস্তলি গ্রামে প্রকল্পের তালিকায় একজনের নাম ৫ বার উঠেছে বলে অভিযোগ। জানা গেছে, স্বামী ও বাবার নাম দিয়ে একাধিকবার একই উপভোক্তা সুদেষ্মণি রায়ের নাম তালিকায় রয়েছে। তবে, সুদেষ্মণি রায়ের কোন হিদিশ মেলেনি। এই নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উত্তোর। সরকারী কর্মীর উদাসীনতা বা গাফিলতির ফলেই এই ঘটনা ঘটেছে বলে এলাকার তৃণমূল কংগ্রেস কমিটির সভাপতি নিখিল রঞ্জন রায় জানিয়েছেন।

অন্যদিকে, কেন্দ্র নজরদারি করায় চাপে পড়ে শাসক দল সরকারী কর্মীদের ওপর দোষ চাপাচ্ছে বলে বিজেপি-র অভিযোগ।

এদিকে, আবাস যোজনার তালিকায় যোগ্য প্রাপকদের নাম না থাকার কারণে আজ পুরুলিয়ার বাঘমুন্ডি - ঝালদা রাজ্য সড়কের ওপর চড়িদা মোড়ে পথ অবরোধ করে বিক্ষেপ দেখান গ্রামবাসীরা। আটকে পড়ে বাস, পণ্য ও যাত্রীবাহী বহু যানবাহন।

উল্লেখ্য, আবাস যোজনা প্রকল্পে প্রশাসনের পরীক্ষার পর গতকাল থেকে শুরু হয়েছে পুলিশ ভেরিফিকেশন বা সুপার চেকিং প্রক্রিয়া।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জগদ্বাত্রী পূজোর আজ সপ্তমী। ছগলীর চন্দননগরের পাশাপাশি কলকাতা সহ বিভিন্ন এলাকায় মানুষ মাতৃ আরাধনায় ব্যস্ত। একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিজ্ঞপ)

জগদ্বাত্রী পূজোর যাত্রীদের সম্ভাব্য ভিড় সামাল দিতে, পূর্ব রেলওয়ের হাওড়া ডিভিশনের ৩৭৯২৪ কাটোয়া - হাওড়া ইএমইউ লোকাল ট্রেনটি ব্যান্ডেল ও হাওড়ার মধ্যে ছগলি, চুঁচুড়া, চন্দননগর, মানকুণ্ড, ভদ্রেশ্বর, বৈদ্যবাটি, শ্রীরামপুর, রিষড়া, কোন্নগর, হিন্দমোটর, উত্তরপাড়া, বালি, বেলুড় ও লিলুয়া সহ ১৪ টি স্টেশনে অস্থায়ী স্টপেজের ব্যবস্থা করেছে। এই ব্যবস্থা আজ (০৮.১১.২০২৪) থেকে আগামী ১১ ই নভেম্বর পর্যন্ত কার্যকর থাকবে বলে পূর্ব রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উদীয়মান সূর্যের আরাধনার মধ্য দিয়ে চারদিনের ছট্ট উৎসবের আজ সমাপ্তি হয়েছে। ভোরে পৃণ্যার্থীরা ফল-মূল-পূজা উপাচার সহ ভীড় জমান বিভিন্ন নদ-নদীর ঘাটে।

এদিকে, কলকাতা পুলিশ আজ ছট্ট পূজোয় আইনভঙ্গের অভিযোগে ৪৬ জনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে ৬ জনকে ধরা হয়েছে নিষিদ্ধ শব্দবাজি ফাটানোর জন্য। বাকি ৪০ জনের বিরুদ্ধে অভিযান আচরণের অভিযোগ রয়েছে। উদ্বার হয়েছে ৩৫ কেজির বেশি নিষিদ্ধ শব্দবাজি।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশের এস টি এফ এবং মালদা জেলা পুলিশ কালিয়াচক থানার বালিয়াডাঙ্গা ঈদগামোড় থেকে প্রচুর জাল নোট সহ তিনজনকে গ্রেফতার করেছে। এরা

আন্তঃরাজ্য জাল নেট পাচার চত্রের সঙ্গে জড়িত। তাদের কাছ থেকে ৩ লক্ষ ৮৪ হাজার টাকার জাল নেট উদ্বার হয়েছে। ধূত তিনজনই কালিয়াচকের বাসিন্দা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বাগদার সিন্দ্রানি এলাকা থেকে প্রতারণার অভিযোগে পুলিশ ৬ যুবককে গ্রেফতার করেছে। বে-আইনী অ্যাপের মাধ্যমে বিভিন্ন লোকের কাছ থেকে এরা কয়েক কোটি টাকা আত্মসাং করে বলে অভিযোগ। ধূতরা ওই এলাকারই বাসিন্দা। এই প্রতারণার চক্র আন্তর্জাতিক বাজারেও ছড়িয়ে রয়েছে বলে পুলিশের অনুমান। বনগাঁ আদালত ধূত ৬ জনকে সাতদিনের পুলিশী হেফাজতের নির্দেশ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

নভেম্বর মাসের প্রথম সপ্তাহ শেষ হয়ে এলেও, কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে এখনো তাপমাত্রা কমেনি। আলিপুর আবহাওয়া দণ্ডের জানিয়েছে, আগামী কয়েকদিন এই তাপমাত্রার বিশেষ কোনো হেরফের হবে না। আপাতত বৃষ্টির'ও কোনো সম্ভাবনা নেই।

তবে ১৫'ই নভেম্বরের পর থেকে রাজ্য শীতের আমেজ অনুভূত হতে পারে। যদিও পশ্চিমাঞ্চলের জেলা সহ উত্তরবঙ্গের হিমালয় সম্মিহিত এলাকাগুলিতে ইতিমধ্যেই ঠান্ডা টের পাওয়া যাচ্ছে। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা সোমনাথ দন্ত একথা জানান।

(বাইট - সোমনাথ)

০০০০০০০০০০০০০০০০০০

বাংলা, মহিলাদের সিনিয়র টি টোয়েন্টি ক্রিকেটের সেমিফাইনালে উঠেছে। মুম্বাইয়ে আজ কোয়ার্টার ফাইনালে বাংলা সাত উইকেটে মধ্য প্রদেশকে হারিয়ে দিয়েছে। মধ্য প্রদেশ প্রথমে ব্যাট করে ৬ উইকেটে ১১৬ রান করে। তনুশ্রী সরকার ৪৬ রানে

অপরাজিত থাকেন। বাংলা ১৮ ওভার চার বলে তিন উইকেটে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়।

এদিকে, ব্যাঙ্গালুরুর এম চিনাস্বামী স্টেডিয়ামে কর্ণাটকের বিরুদ্ধে রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা প্রথম ইনিংসে এগিয়ে গেছে। ৫ উইকেটে ১৫৫ রান নিয়ে তৃতীয় দিনের খেলা শুরু করে কর্ণাটকের প্রথম ইনিংস ২২১ রানে শেষ হয়ে যায়। এরপর দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে বাংলা দিনের শেষে ৩ উইকেটে ১২৭ রান করেছে। সুদীপ চ্যাটার্জি ৪৮ রান করেছেন। সুদীপ ঘৰামী ২৫ ও শাহবাজ আহমেদ ১২ রানে অপরাজিত আছেন।

বাংলা কর্ণাটকের থেকে ২০৭ রানে এগিয়ে রয়েছে। উল্লেখ্য, বাংলা প্রথম ইনিংসে করেছিলো ৩০১ রান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০